



দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডিআর টাওয়ার (১৩ তলা), ৬৫/২/২, বীর প্রতীক
গাজী গোলাম দস্তগীর সড়ক (বঙ্গ কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০

<https://online.ibb.org.bd>, ফোন # ৫৫১১২৮৫৭-৬০

প্রেস রিলিজ

গত ২৭-০৫-২০২৩ তারিখে ঢাকা মহানগরীর ৮টি কেন্দ্রসহ সকল বিভাগীয় শহরে সুষ্ঠু ও সু-শৃঙ্খল পরিবেশে দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) এর ৯৬তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সফলভাবে এ পরীক্ষা অনুষ্ঠিত হওয়াতে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী, কেন্দ্র চেয়ারম্যান, কেন্দ্র সচিব, কলেজ কর্তৃপক্ষ, প্রশাসন, পরীক্ষার্থীগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর আন্তরিক সহযোগিতাকে আইবিবি কর্তৃপক্ষ সাধুবাদ জানায়। উল্লেখ্য, গত ২৭/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরীক্ষায় JAIBB পর্বে Monetary and Financial System (MAFS) বিষয়ে ২৬৫৯১ জন ও Governance in Financial Institutions (GFFI) বিষয়ে ২৫৫৫৫ জন এবং AIBB পর্বে Risk Management in Financial Institutions (RMFI) বিষয়ে ৭৫৬২ জন ও Credit Operations and Management (COM) বিষয়ে ৮২০৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। উক্ত পরীক্ষায় ১৮(আঠারো) জন পরীক্ষার্থী অসদাচরণ/অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার হয়েছেন। বহিস্কৃত পরীক্ষার্থীগণ ৯৬তম পরীক্ষার অন্যান্য বিষয়সহ পরবর্তী ৩(তিন) বছর ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। এছাড়া তাদের বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। আগামী ৩ ও ১০ জুন ২০২৩ তারিখের পরীক্ষাসমূহ সুষ্ঠু ও সু-শৃঙ্খল পরিবেশে সুন্দরভাবে সম্পন্ন করার জন্য আইবিবি কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছে।

আইবিবি